গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাজেট-২ শাখা

**বাজেট পরিপত্র-২ অনুসরণে রেলপথ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ অনুমোদনের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটি'র সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব ও সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি, রেলপথ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ২৮-০৪-২০২২ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (৯ম তলা, কক্ষ নং-৯৩০) |
| উপস্থিতি | সভায় উপস্থিতি কর্মকর্তাগণের তালিকা-পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত এবং জুম প্লাটফরমের মাধ্যমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান যে, মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ের জন্য ২০২২-২৩ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত প্রণীত বাজেট কাঠামোর ধারাবাহিকতায় ১৮/০৪/২০২২ তারিখে অর্থ বিভাগ হতে বাজেট পরিপত্র-২ জারী করা হয়েছে। উক্ত পরিপত্র-২ এর মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ের জন্য পুনঃনির্ধারণকৃত সম্ভাব্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার ভিত্তিতে এ মন্ত্রণালয়ের সকল বাজেট ইউনিটের ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন ও ২০২৩-২৪ হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত প্রক্ষেপণসমূহের সংশোধন/পুনঃনির্ধারণক্রমে এ সভার অনুমোদনসহ আগামী ০৮/০৫/২০২২ তারিখের মধ্যে অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য সময় নির্ধারণ করা হয়েছে। সভাপতি সভায় অংশগ্রহণকারী বাজেট ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের সভার আলোচ্যসূচির উপর মূল্যবান মতামত কামনা করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি সভায় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়-কে অনুরোধ জানান।

০২। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়-কে সভাপতির দৃষ্টি আকর্ষণ করে জানান যে, ১৮/০৪/২০২২ খ্রিঃ তারিখে অর্থ বিভাগ কর্তৃক বাজেট পরিপত্র-২ জারি করা হয় এবং উক্ত পরিপত্র সকল বাজেট ইউনিটে প্রেরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ কর্তৃক অনুরোধ জানানো হয়। গত ২৪/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় অধীনস্থ সকল বাজেট ইউনিটের পুনঃনির্ধারিত সম্ভাব্য রাজস্ব ও প্রাপ্তি ও ব্যয়সীমা পরীক্ষা করে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়-কে অনুরোধ জানান। অতঃপর যুগ্মসচিব (বাজেট) আলোচ্যসূচিসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

০৩। **আলোচ্যসূচি- ১: বাজেট পরিপত্র-২ সম্পর্কে আলোচনা ও সিলিং পর্যালোচনাঃ** সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ সংশোধন/পুনঃনির্ধারণের জন্য অর্থবিভাগ

কর্তৃক বাজেট পরিপত্র-২ জারি করা হয়েছে। বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ সংশোধন ও পুনঃনির্ধারণের ক্ষেত্রে ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত/পরামর্শ এবং বাজেট পরিপত্র-২ এর ৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত অনুশাসন যথাযথভাবে অনুসরণক্রমে রেলপথ মন্ত্রণালয়ের জন্য পুনঃনির্ধারিত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার আলোকে (ক) অধিদপ্তর/পরিদপ্তরওয়ারী রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষমাত্রা এবং সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা নির্ধারণ (ফরম-১ ও ফরম-২ পূরণ ); (খ) অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণ (ফরম-৩ ও ফরম-৪ পূরণ); (গ) প্রাতিষ্ঠানিক ইউনিটের/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণ (ফরম-৬ক ও ফরম-৬খ পূরণ) এবং প্রতিটি প্রতিষ্ঠান/প্রকল্পের ক্ষেত্রে অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তি/পরিচালন ব্যয় /উন্নয়ন ব্যয়ের বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ সংশোধন/পুনঃনির্ধারণ (ফরম-৭, ফরম-৮ক (১) ও ফরম ৮খ (২) পূরণ) প্রভৃতি IBAS++ সিস্টেমে এন্ট্রি প্রদানপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনসহ আগামী ০৮/০৫/২০২২ তারিখের মধ্যে অর্থবিভাগ/পরিকল্পনা কমিশনে প্রেরণ করার জন্য অর্থবিভাগ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে। **অতঃপর সভায় বাজেট পরিপত্র-১ ও ২ এর মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার তুলনামূলক বিবরণী যথাক্রমে নিম্নোক্ত ছক-১ এবং ছক-২ এর মাধ্যমে উপস্থাপন করা হয়ঃ**

**ছক-১: ২০২২-২৩ হতে ২০২৪-২৫ পর্যন্ত রাজস্ব ও প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ (অংক সমূহ কোটি টাকায়)**
**[বাজেট পরিপত্র-১, ২ এবং ত্রিপক্ষীয় সভার সুপারিশ-এর তুলনা]**

| পরিপত্রনম্বর | কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রাক্কলন ২০২২-২৩ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| বাজেট পরিপত্র-১ | ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ২৭৭৬.৪০ | ৩০৫৪.০৪ | ৩৩৫৯.৪৪ |
| বাজেট পরিপত্র-২ | ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ২৭৭৬.৪০ | ৩০৫৪.০৪ | ৩৩৫৯.৪৪ |
| ত্রিপক্ষীয় সভার সুপারিশ | ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ২৭৭৬.৪০ | ৩০৫৪.০৪ | ৩৩৫৯.৪৪ |
| হ্রাস(-)/বৃদ্ধি (+) | -- | -- | (০ ) | (০) | (০) |

**ছক-২: ২০২২-২৩ হতে ২০২৪-২৫ পর্যন্ত ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ (অংক সমূহ কোটি টাকায়)**
**[বাজেট পরিপত্র-১, ২ এবং ত্রিপক্ষীয় সভার সুপারিশ-এর তুলনা]**

| বিবরণ | প্রাক্কলন (২০২২-২৩) | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | পরিচালন ব্যয় | উন্নয়ন ব্যয় | | | সর্বমোট | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| | | জিওবি | পিএ | উপমোট | | | |
| বাজেট পারপত্র-১ | ৪২২৭.৮৬ | ৩৮১০.০০ | ১১,৩৪৪.১৪ | ১৫,১৫৪.১৪ | ১৯৩৮২.০০ | ২১,৫১৩.৯৯ | ২৩,৮৮০.৫০ |
| বাজেট পরিপত্র-২ | ৩৯২৫.১০ | ৪১১২.৫৯ | ১০,৮১৬.০৭ | ১৪,৯২৮.৬৬ | ১৮,৮৫৩.৭৬ | ২০,৩৬২.০৬ | ২১,৯৯১.০৩ |
| ত্রিপক্ষীয় সভার সুপারিশ | ৩৯২৫.১০ | ৪১১২.৭৬ | ১১,৩১৪.১৪ | ১৫,৪৫৬.৯০ | ১৯,৩৮২.০০ | ২১,৫১৩.৯৯ | ২৩,৮৮০.৫০ |
| বাজেট পারপত্র-১ এর তুলনায় বাজেট পরিপত্র-২ এ বরাদ্দের হ্রাস (-) /বৃদ্ধি (+) | (-৩০২.৭৬) | (+৩০২.৫৯) | (-৫২৮.০৭) | (-২২৫.৪৮) | (-৫২৮.২৪) | (-১১৫১.৯৩) | (-১৮৮৯.৪৭) |
| ত্রিপক্ষীয় সভার সুপারিশের তুলনায় বাজেট পরিপত্র-২ এ বরাদ্দের হ্রাস (-) /বৃদ্ধি (+) | (০) | (-০.১৭) | (-৫২৮.০৭) | (-৫২৮.২৪) | (-৫২৮.২৪) | (-১১৫১.৯৩) | (-১৮৮৯.৪৭) |

০৪। <u>আলোচ্যসুচি-২: বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ পর্যালোচনা:</u> ২৪/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের নিম্নরূপ সুপারিশ/সিদ্ধান্তের আলোকে আলোচ্যসূচি নির্ধারণ করা হয়েছে মর্মে

সভায় জানানো হয়ঃ

**<u>সিদ্ধান্ত-কঃ</u>** ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের ব্যয়সীমা সংশোধন/ পুনঃনির্ধারণ প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট-এর নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত-খঃ** ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা এবং ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা প্রভৃতি সংশোধন/পুনঃনির্ধারণ প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

**সিদ্ধান্ত- গ- ১:** ফরম-১ হতে ফরম-৬ এর বিভাজনের ভিত্তিতে ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিকরাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ ; ফরম-৮ (ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং **ফরম-৮(খ-২) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ সংশোধন/পুনঃনির্ধারণসহ** IBAS++ এন্ট্রি সম্পন্ন করে স্ব স্ব কর্তৃপক্ষের অনুমোদনসহ আগামী ২৬/০৪/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত-গ-২:</u>** অর্থবিভাগ কর্তৃক নির্ধারিত ০৮/০৫/২০২২ তারিখে প্রণীত বাজেট অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের অনুমতিক্রমে আগামী ২৮/০৪/২০২২ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। **<u>আলোচ্যসূচি-৩: রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব ও প্রাপ্তির প্রস্তাবিত বাজেট বিভাজন পর্যালোচনা ও অনুমোদনঃ</u>** <u>রেলপথ মন্ত্রণালয়ের</u> আওতাধীন বাজেট ইউনিটের ফরম-১ অধিদপ্তর/পরিদপ্তর ওয়ারী রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষমাত্রা; ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৭: অর্থনৈতিক কোড ভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ সভায় পর্যালোচনার জন্য উপস্থাপন করা হয়। সভায় জনানো হয় যে, চলমান ২০২১-২২ অর্থবছরে সচিবালয় খাতে মাত্র ৬ লক্ষ টাকার বিপরীতে ১০৪২.২৬ কোটি টাকা অর্জিত হয়েছে মর্মে Ibas ++ রিপোর্টে জানা যায়। Ibas ++ রিপোর্টে দেখা যায় যে, বাংলাদেশ রেলওয়ের যাত্রী পরিবহন, মালামাল পরিবহন ও পার্শ্বেল পরিবহন প্রভৃতি খাতের আয় সচিবালয় খাতে যুক্ত হয়েছে। এ বিষয়ে অর্থবিভাগের যুগ্মসচিব (বাজেট-৫) ও পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের উপপ্রধান (উপসচিব) আয় খাতের হিসাবের উক্ত গড়মিল সংশোধন করার বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি রেলপথ মন্ত্রণালয়ের আয় খাতের গড়মিল সংশোধন করার জন্য রেলপথ মন্ত্রণালয়ের চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার ও হিসাবরক্ষণ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব ও প্রাপ্তির প্রাক্কলন ও পরবর্তী দুই বছর ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণসমূহ অর্থাৎ ফরম-১, ফরম-৩ এবং ফরম-৭ অনুমোদন করা যেতে পারে মর্মে

একমত পোষণ করা হয়।

০৬। **আলোচ্যসূচি-৪: রেলপথ মন্ত্রণালয়ের প্রস্তাবিত বাজেট (পরিচালন ও উন্নয়ন) বিভাজন পর্যালোচনা ও অনুমোদনঃ** রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন ৩৯ টি অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের বিপরীতে বিভাজনকৃত পরিচালন ও উন্নয়ন বাজেট প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের ব্যয়সীমা সংশোধন/ পুনঃনির্ধারণ এবং ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা সভায় উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনাক্রমে অনুমোদনের সুপারিশ করা হয়।

০৭। **আলোচ্যসূচি-৫: রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন বাজেট বিভাজন পর্যালোচনা ও অনুমোদনঃ** সভায় নিম্নোক্ত ছকের মাধ্যমে ২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছরের পরিচালন বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহের সারসংক্ষেপ উপস্থাপন করা হয়। অতঃপর সভায় রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন ১৫৮টি বাজেট ইউনিটে পরিচালন বাজেট বিভাজন প্রস্তাব এবং অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত প্রাক্কলন অনুমোদনের লক্ষ্যে ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা এবং ফরম-৮ (ক-১) অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলণ ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করা হলে সভায় বিস্তারিত আলোচনাক্রমে অনুমোদনের সুপারিশ করা হয়।


০৮. **আলোচ্যসূচি- ৬: রেলপথ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেট বিভাজন পর্যালোচনা ও অনুমোদনঃ** সভায় নিম্নোক্ত ছকের মাধ্যমে ২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন ৩৭ টি প্রকল্পের উন্নয়ন বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহের সারসংক্ষেপ উপস্থাপন করা হয়।অতঃপর সভায় রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন ৩৭টি প্রকল্পের বিপরীতে উন্নয়ন বাজেট বিভাজন প্রস্তাব এবং অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ অনুমোদনের লক্ষ্যে ফরম-৬(খ) : উন্নয়ন কার্যক্রমভূক্ত বিশেষ কর্মসূচী/স্কীম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা এবং ফরম-৮(খ-২): অর্থনৈতিক কোড ভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভূক্ত কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলণ ও প্রক্ষেপণ সভায় উপস্থাপন করা হলে সভায় বিস্তারিত আলোচনাক্রমে অনুমোদনের সুপারিশ করা হয়।

০৯। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

> “রেলপথ মন্ত্রণালয়ের **২০২২-২৩** অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণসমুহের সংশোধিত/পুনঃনির্ধারিত ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা; ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; **ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও**

প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ; ফরম-৮(ক-১) অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ফরম-৮(খ-২) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রভৃতি নির্ধারিত তারিখের মধ্যে অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।"

১০। অতঃপর আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর
সচিব ও সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি,
রেলপথ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৩.০১.০২৩.২১-৮৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯
২৮ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৪) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৭) উপসচিব (বাজেট-১৭), অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, নরডিক অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৯) জনাব আ.ন.ম. ফয়জুল হক, উপপ্রধান (উপসচিব), রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০) জনাব জাহানারা রহমান, উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১) উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা/প্রশাসন-৪ শাখা/উন্নয়ন-১ শাখা/উন্নয়ন-২ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১২) চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসারের কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
১৩) সহকারী সচিব (বাজেট-১ শাখা/বাজেট-২ শাখা/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা/বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৪) সদয় অবগতির নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১৫) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১৭) সদস্য, রেল পরিবহন উইং, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

১৮) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

১৯) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, বেলভবন, ঢাকা।

২০) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, বেলভবন, ঢাকা।

২১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়, বেলভবন, ঢাকা [সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]।

২২) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

২৩) যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

২৪) অফিস কপি।


মোঃ আব্দুল খালেক মিঞা

সহকারী সচিব (বাজেট-২), ফোন: ০২৪১০৫০২৪২, ই-মেইল: budget2@mor.gov.bd